
# একাঙ্কের শিল্পরূপ

বাংলা নাট্যসাহিত্যে একাঙ্কের সার্থক আবির্ভাব বিশ শতকে। উপন্যাস-ছোটগল্প-প্রবন্ধ-আখ্যানকাব্য-মহাকাব্য-গীতিকাব্য-নাটক— এসব সাহিত্য প্রকরণগুলি উনিশ শতকের ফসল। একাঙ্ক বিশ শতকের ফসল। স্বাভাবিক ভাবে বলা যায় বিশ শতকীয় জীবন জিজ্ঞাসার গর্ভে মানুষের অবসর সংক্ষিপ্ততাই একাঙ্ক নামক শিল্প প্রকরণের জন্ম দিয়ে থাকবে। এই একাঙ্ক নাটকের শিল্পরূপ অর্থাৎ একাঙ্কের অবয়ব নির্মাণ কীরূপ তা জানা অত্যন্ত জরুরী। পঞ্চমাঙ্ক পূর্ণাঙ্গ নাটকের সংক্ষিপ্ত সংস্করণ নয় একাঙ্ক নাটক। তাহলে একাঙ্ক নাটক কী? এই প্রশ্নের উত্তরে বলা যায় একাঙ্ক নাটক হলো প্রথমতঃ নাটক এবং দ্বিতীয়ত তার অঙ্ক সংখ্যা এক। একদিকে একটি রচনার মধ্যে নাট্যগুণ আবশ্যক এবং অপরদিকে তা একাঙ্ক হলেই তা সাধারণ অর্থে একাঙ্ক নাটক পদবাচ্য হতে পারে। তবে এই সরলীকৃত বিশ্লেষণে একাঙ্ক নাটকের গঠনগত স্বরূপ উন্মোচিত হয় না।

একাঙ্ক নাটক একটি স্বতন্ত্র শিল্প প্রকরণ। খুব স্বাভাবিক ভাবেই তা স্বয়ংসম্পূর্ণ একটি পূর্ণাঙ্গ রচনা। যে কোনো রচনা তা ছোট বা বড় যাই হোক না কেন তা একটি সমগ্র সৃষ্টি, যাকে ইংরাজীতে 'organic whole' বলা হয়ে থাকে। এই সমগ্রতা বা 'totality' প্রত্যেক শিল্পের আবশ্যিক শর্ত। একাঙ্ক নাটক যেহেতু একটি স্বতন্ত্র শিল্প প্রকরণ তাই শিল্পের আবশ্যক শর্তানুযায়ী একাঙ্কের মধ্যে 'organic whole' দৃষ্টিগোচর হয়ে থাকে। এই 'organic whole' বলতে বোঝায় কোনো শিল্পকর্মে যখন 'a begining middle and end' উপলব্ধ হয়ে থাকে। অর্থাৎ 'begining, middle and end' মিলিয়ে একটা সমগ্রতা বা 'whole' নিঃস্পন্ন হবে কোনো শিল্পকর্মে। সমগ্রতা প্রমানিত না হলে একাঙ্কের পরিসরে অর্থাৎ স্বল্প পরিসরে পরিবেশিত ঘটনা-বিন্যাসকে একাঙ্ক রূপে প্রতিপন্ন করা সমীচীন নয়। একাঙ্ক হবে "ছোট কিন্তু সমগ্র"। এই 'ছোট' আসলে পরিসরে স্বল্পতাকে চিহ্নিত করে থাকে। আবার 'সমগ্র' বলতে বোঝানো হয় 'which has a begining, middle and an end'— অর্থাৎ আদি-মধ্য-অন্ত্য সমন্বিত শিল্পকর্ম। কোনো শিল্পকর্মের 'আদি' ঘটনা বলতে বোঝানো হয়ে থাকে এমন কোনো ঘটনা যা পূর্ববর্তী কোন ঘটনার অনিবার্য পরিনাম নয় কিন্তু যা পরবর্তী ঘটনার কারণ রূপে গণ্য হবে। 'মধ্য' ঘটনা বলতে বোঝানো হয়ে থাকে সেই ঘটনাকে যা পূর্ববর্তী

ঘটনার পরিনাম এবং পরবর্তী ঘটনার কারণ। সবশেষে 'অন্ত্য' ঘটনা বলতে বোঝানো হয়ে থাকে যা পূর্ববর্তী ঘটনার পরিনাম কিন্তু যা অপর কোনো নতুন ঘটনার আকাঙ্খা জাগাবে না পাঠকমনে। সামগ্রিক তাৎপর্যে 'organic whole' বা আদি-মধ্য-অন্ত্য সমন্বিত ঘটনা বলতে বোঝায়-সেখানে আদি থেকে অন্ত্য পর্যন্ত সমস্ত ঘটনা কার্য-কারণ সূত্রে গ্রথিত এবং আরম্ভ হবে শেষের মূল কারণ-শেষ হবে আরম্ভের স্বাভাবিক কারণ। বিষয়টি সহজবোধ্য হবে যদি আদি-মধ্য-অন্ত্যকে আবর্তন গতির অনুষঙ্গে উপলব্ধি করা যায়। নিচের রেখাচিত্রটির দ্বারা আদি মধ্য-অন্ত্য সম্বন্ধে সম্যক ধারণা পাওয়া যাবে আশা করা যায়—




এই 'organic whole' ব্যাপারটি সব রকম শিল্পকর্মের জন্য অত্যাবশ্যক; একাঙ্কের ক্ষেত্রেও আবশ্যক। এই প্রসঙ্গে স্মরণে রাখা বাঞ্ছনীয় যে পঞ্চমাঙ্ক পূর্ণাঙ্গ নাটকে যেভাবে exposition, rising action, climax, falling action এবং catastrophe পরিলক্ষিত হয়ে থাকে একাঙ্ক নাটকে তা প্রাপ্তব্য নয়। একাঙ্কে একই বিন্দুতে exposition এবং rising action, অপর বিন্দুতে climax (শীর্ষবিন্দু) এবং তৃতীয় বিন্দুতে falling action ও catastrophe উপলব্ধ হতে পারে। তবে স্মরণে রাখা দরকার পঞ্চমাঙ্কের ঘটনা-ক্রমকে একাঙ্কের মধ্যে ঠেসে দিলেই তা একাঙ্ক হবে না।

একাঙ্কের ঘটনা বিন্যাসে ত্রয়ী ঐক্য (three unities)— স্থান ঐক্য-কাল ঐক্য-ঘটনাগত ঐক্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ বিষয়। একাঙ্ক নাটক ছোটগল্পের মতই জীবনের ক্ষণিক মুহূর্তকে স্বল্প সংখ্যক চরিত্র ও সংক্ষিপ্ত ঘটনাকে আশ্রয় করে উপস্থাপিত হয়ে থাকে। একাঙ্কে তাই climax বা মহামুহূর্তে পৌঁছানোর জন্য দেশ-বিদেশ পরিভ্রমণ এবং দীর্ঘকালীন সময় জুড়ে ঘটনার বিস্তৃতি একাঙ্কের সামান্যধর্মকে ক্ষুণ্ণ করে। একাঙ্ক নাটকে তাই প্রায় বাধ্যতামূলক ভাবে স্থান-ঐক্য-কাল ঐক্য এবং ঘটনাগত ঐক্য রক্ষিত হওয়া আবশ্যক। তবে ব্যতিক্রমও রয়েছে। ড. সাধনকুমার ভট্টাচার্য মনে করেন— "...স্থান-ঐক্যের, কাল-ঐক্যের এবং কার্য-ঐক্যের শর্ত একান্তভাবে না মেনে ও একাঙ্কিকা লেখা চলে এবং একাঙ্কিকার বিলক্ষণ বৈশিষ্ট্য- স্থান-ঐক্য, কাল-ঐক্য এবং কার্য ঐক্যের আদর্শ



Scanned with CamScanner

সমধর্মী নয়, বিলক্ষণ বৈশিষ্ট্য স্বল্পকালে অভিনেয়ত্ব। এই হিসাবে একাঙ্কিকার সংজ্ঞা দাঁড়াবে— স্বল্পকালে অভিনেয় রসনীয় রচনামাত্রই একাঙ্কিকা এবং নাটিকার সঙ্গে একাঙ্কিকার মৌলিক পার্থক্য কিছুই নেই, পার্থক্য যেটুকু ঘটেছে— সে শুধু আকৃতিগত বা আয়তনগত এবং তার আসল কারণ অভিনয়কালের পরিমাণ।"

একাঙ্ক নাটকের একাধিক সংজ্ঞা পাওয়া যায়, তবে বেশিরভাগ সংজ্ঞাই অব্যাপ্তি অতিব্যাপ্তি দোষে দুষ্ট। তুলনায় John Hampden প্রদত্ত সংজ্ঞাটি অনেক বেশি সার্থক বলে মনে হয়। তিনি বলেছেন—"A one act play deals with a single dominant dramatic situation and aims at Producing a single effect ...." আমাদের মনে হয় একাঙ্ক পরিগণিত হয়ে থাকে এই লক্ষণগুলির দ্বারা। dramatic situation, singleness of aim and effect-এই তিনটি লক্ষণই একাঙ্কের জন্য অত্যন্ত আবশ্যক। একাঙ্ক নাটক বলতে অঙ্কের একত্বই একমাত্র সীমারেখা নয়। ফলতঃ পূর্ণাঙ্গ নাটকের মত বৃহৎ-বিস্তৃত পরিসরের কাহিনীক্রমকে এক অঙ্কে ঠেসে দিয়ে বলা যাবে না নাটকটি একাঙ্ক গোত্রের। একাঙ্কের পরিসর যাই হোক না কেন যদি নাট্যবৃত্ত থেকে 'singleness of aim and effect' প্রকাশ পায় তবেই বলা যাবে একাঙ্কটি সার্থক একাঙ্কের গোত্রভুক্ত। একাঙ্ক নাটক আধুনিক জীবনের সঙ্গে অন্বিত। পাঠক হিসেবে আমাদের তাই মনে হয় জীবন সম্পৃক্ত কাহিনীকে যখন স্থান-কাল-ঘটনার ঐক্য সমবায়ে স্বল্প পরিসরে নাট্যিক পরিবেশে উপস্থাপন করা হয় এবং 'singleness of aim and effect' উৎসারিত হয় তখনই এরূপ শিল্পকলাকে একাঙ্ক অভিধা দেওয়া যেতে পারে।

সূত্রাকারে একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করা যেতে পারে—

১. পূর্ণাঙ্গ নাটকের একটি অঙ্ককে স্বতন্ত্রভাবে 'একাঙ্ক' নাটক বলা যায় না; সংক্ষিপ্ত কালসীমায় এক অঙ্কের পরিসরে জীবনের একটি তাৎপর্যপূর্ণ ঘটনার নাট্যরূপই হ'ল- 'একাঙ্ক' নাটক।

২. একাঙ্কে দৃশ্য বিভাজন কাম্য নয়, তবে দৃশ্য বিভাজন কখনো কখনো দৃষ্টিগোচর হয়ে থাকে। একাধিক দৃশ্য সমন্বিত একাঙ্কের দৃশ্যগুলির মধ্যে ভাবগত-ঐক্য-সংহতি রক্ষিত হওয়া অত্যন্ত আবশ্যক।

৩. একাঙ্কের কাহিনী-গতিমুখ একমুখীন হবে; উপকাহিনীর উপস্থিতি কাম্য নয় এবং দ্রুত গতিতে কাহিনী উপসংহারে (catastrophe) উপনীত হবে।

৪. চরিত্রের সংখ্যা অত্যন্ত স্বল্প হবে। একটি চরিত্রের বিশেষ একটি অনুভূতি প্রকাশের জন্য অন্য চরিত্রগুলির কার্যক্রম সংঘটিত হবে।



Scanned with CamScanner

৫. একাঙ্কে ত্রয়ী ঐক্য— স্থান-কাল-ঘটনা ঐক্যের মধ্যে সুদৃঢ় বন্ধন এবং সৌসাম্য রক্ষিত হবে।

৬. পঞ্চসন্ধি (exposition, rising action, climax, falling action and catastrophe) পূর্ণাঙ্গ নাটকের মত স্পষ্ট ভাবে একাঙ্কে পরিলক্ষিত হয় না। তবে একাঙ্ক যেহেতু আদি-মধ্য-অন্ত্য সমন্বিত একটি শিল্পকর্ম স্বাভাবিক ভাবেই পঞ্চসন্ধির একটা প্রচ্ছায়া (shadow feelings) এখানে প্রাপ্তব্য। তবে **climax** এ পৌঁছানোই নাট্যকারের চূড়ান্ত লক্ষ্য।

৭. সর্বোপরি একাঙ্কে 'singleness of aim and singleness of effect কার্যকর হবে।

Scanned with CamScanner